## ৫ম উপজেলা পরিষদের শাহরাস্তি উপজেলায় 'জানুয়ারি-২০২২' মাস ও ৩৪তম মাসিক সাধারণ সভার কার্যবিবরণী

তারিখ : ১৩.০১.২০২২ খ্রিঃ সকাল- ১১.০০ ঘটিকা।
স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন (হলরুম), শাহরাস্তি, চাঁদপুর।
সভাপতি : জনাব নাসরিন জাহান চৌধুরী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শাহরাস্তি, চাঁদপুর।
সভায় উপস্থিত সদস্য/সদস্যাগণের নামের তালিকা (স্বাক্ষরের ক্রমানুসারে) পরিশিষ্ট ''ক'' দ্রষ্টব্য

জনাব নাসরিন জাহান চৌধুরী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শাহরাস্তি, চাঁদপুর এর সভাপতিত্বে সভার কার্যক্রম শুরু করা হয়। সভার শুরুতে মহান আল্লাহ দরবারে শুকরিয়া জ্ঞাপন করা হয়। তিনি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানান এবং অত্র উপজেলার সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করা হয় ও পাঠকৃত বিবরণীর উপর বিস্তারিত আলোচনান্তে কোনরূপ পরিবর্তন বা সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। অতঃপর নিম্নরূপ বিভাগ ভিত্তিক আলোচনা ও সিদ্ধান্ত সমূহ গ্রহণ করা হয়ঃ

| ক্রঃনং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১. | <u>করোনা ভাইরাস সংক্রান্তঃ</u><br>সভায় মুখ্য নির্বাহী কর্মকর্তা জনাব শিরীন আক্তার, উপজেলা নির্বাহী অফিসার, শাহরাস্তি সভায় জানান যে, করোনা (কোভিড-১৯) ভাইরাসে ওমিক্রন ভেরিয়েন্ট সংক্রামণের হার ব্যাপক হারে বৃদ্ধি পাচ্ছে। সংক্রমণ ব্যাপক হারে বৃদ্ধি পাওয়ায় সরকারের উর্দ্ধতন কর্তৃপক্ষের নির্দেশনা অনুযায়ী সারা দেশে স্বাস্থ্যবিধি অনুসরণ করে সীমিত আকারে দৈনন্দিন যাবতীয় কার্যাদি সম্পন্ন করার বিষয়ে নির্দেশনা প্রদান করেছেন। স্বাস্থ্য মন্ত্রণালয় কর্তৃক স্বাস্থ্য বিধির গাইড লাইন অনুসরণ করে উপজেলা পরিষদের সকল অফিস/দপ্তরের নিয়মিত দাপ্তরিক কর্মকান্ড ও সাধারণ জনগণের সেবায় এবং অতিগুরুত্বপূর্ণ কাজসমূহ সুষ্ঠুভাবে সম্পন্ন করার বিষয়ে সভায় উপস্থিত সকলের প্রতি দৃষ্টি করা হয়। প্রয়োজনের তাগিদে ঘর থেকে বাহির হলে সকল সরকারি কর্মকর্তা ও কর্মচারীদের এবং আগত সেবা প্রার্থী সাধারণ জনগণকেও আবিশ্যিকভাবে সকলকে মাস্ক পড়তে হবে। এ বিষয়ে সভায় উপস্থিত সকল সদস্যের নিজ নিজ অধিক্ষেত্রে ব্যাপক প্রচার-প্রচারনার মাধ্যমে জনসচেতনতা সৃষ্টি করার ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হয়। তাছাড়া সরকারের উন্নয়ন কর্মকান্ড বাস্তবায়ন আরো গতিশীল করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।<br>তিনি সভায় আরো জানান যে, সরকার পর্যায়ক্রমে সারা দেশের জনগণকে করোনা ভ্যাকসিনেশন টিকার আওতায় নিয়ে আসবে। কোভিড-১৯ ভ্যাকসিনেশন আওতায় ০২ ডোজ টিকার পাশাপাশি বুস্টারডোজ টিকাও প্রদান আরম্ভ করা হয়েছে। প্রাথমিক পর্যায়ে ৬০ বছরের উর্দ্ধে ব্যক্তিগণ, বীর মুক্তিযোদ্ধাগণ, সম্মুখ সারির ব্যক্তিগণ যাদের ২য় ডোজ টিকা দেয়ার পর ০৬ মাস অতিবাহিত হয়েছে তাদেরকে বুস্টার ডোজ দেয়া হবে। করোনা ভাইরাসের সংক্রমণ থেকে রক্ষা পেতে হলে আবিশ্যকভাবে সকলকে ০২ ডোজ টিকা দিতে হবে। এ বিষয়ে ব্যাপক জনসচেতনতা সৃষ্টি প্রয়োজন। | (১.ক) শাহরাস্তি পৌরসভা ও ০১০টি ইউপিতে মাস্ক পরিধান, সামাজিক দরুত্ব নিশ্চিত করাসহ করোনা ভাইরাসের বিস্তার রোধে জনসচেতনতা সৃষ্টিতে নিজ নিজ অধিক্ষেত্রে মাইকিং, ব্যানর, ফেস্টুন, লিফলেট ইত্যাদি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য মেয়র, শাহরাস্তি পৌরসভা এবং চেয়ারম্যান, সকল ইউপি, শাহরাস্তিকে অনুরোধ করা হয়।<br>(১.খ) বুস্টার ডোজ দেয়ার পূর্বে একটি কর্মপরিকল্পনা তৈরি করতে হবে। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে বুস্টারডোজের মজুদ অনুসারে একটি অগ্রাধিকার তালিকা প্রস্তুতকরন এবং কোভিড-১৯ ভ্যাকসিনেশন সুষ্ঠু সম্পন্ন করার লক্ষ্যে উপজেলা পর্যায়ে গঠিত কমিটি'র সাথে সমন্বয়পূর্বক বুস্টারডোজ টিকা প্রদানের জন্য উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, শাহরাস্তিকে অনুরোধ করা হয়।<br>(১.গ) করোনা ভাইরাস বিস্তার রোধে প্রান্তিক পর্যায়ে সকলকে ০২ ডোজ টিকা এবং বুস্টারডোজ টিকা দেয়ার বিষয়ে স্থানীয়ভাবে ব্যাপক জনসচেতনতা সৃষ্টির জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | মেয়র, শাহরাস্তি পৌরসভা এবং চেয়ারম্যান, সকল ইউপি, শাহরাস্তি।<br>উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, শাহরাস্তি।<br>চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, শাহরাস্তি। |
| ২. | <u>উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ বিভাগঃ</u><br>উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, শাহরাস্তি সভায় উপস্থিত না থাকায় উপজেলা স্বাস্থ্য বিভাগের কার্যক্রম সম্পর্কে আলোচনা করা যায়নি। এ বিষয়ে সভায় আলোচনা করা হয়। | (২.ক) সভায় বিস্তারিত আলোচনার উপজেলা পরিষদ মাসিক সাধারণ সভায় উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা উপস্থিত না থাকায় সভায় অসন্তোষ প্রকাশ করা হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, শাহরাস্তি। |
| ৩. | <u>স্থানীয় সরকার প্রকৌশল (এলজিইডি) বিভাগঃ</u><br>উপজেলা প্রকৌশলী, এলজিইডি, শাহরাস্তি সভায় বলেন যে, ২০২১-২০২২ অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) ও উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের আওতায় অগ্রাধিকার প্রকল্পের প্রাক্কলন অনুমোদন করা হয়েছে। অনুমোদিত প্রকল্পের প্রাক্কলন অনুযায়ী দ্রুততার সাথে অনলাইন (ইজিপি) দরপত্র আহবান প্রস্তুতি গ্রহন করা হয়েছে। | (ক) ২০২১-২০২২ অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) ও উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের আওতায় অনুমোদিত প্রকল্প সমূহের প্রাক্কলন অনুযায়ী দ্রুত দরপত্র আহবান ও প্রকল্প কাজ বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা প্রকৌশলী, এলজিইডি, শাহরাস্তিকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, শাহরাস্তি। |
| ৪. | <u>দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগঃ</u><br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, শাহরাস্তি সভায় জানান যে, ২০২১-২০২২ অর্থবছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার আওতায় টি.আর, কাবিখা, কাবিটা, অতি দরিদ্রের জন্য ৪০দিনের কর্মসূচি (ইজিপিপি) এর আওতায় প্রাপ্ত ১ম কিস্তি বরাদ্দ অনুযায়ী অনুমোদিত প্রকল্পের সমূহের বাস্তবায়ন কাজ আরম্ভ হয়েছে। তাছাড়া গ্রামীণ অবকাঠামো সংস্কার আওতায় টি.আর, কাবিখা, কাবিটা প্রকল্পের ২য় কিস্তি বরাদ্দও পাওয়া গেছে। প্রাপ্ত বরাদ্দ প্রতিটি ইউনিয়নের আয়তন ও জনসংখ্যা অনুযায়ী বিভাজনপূর্বক অগ্রাধিকার প্রকল্প দাখিল করার জন্য ইউনিয়ন পরিষদ সচিবগণকে পত্র প্রেরণ করা হয়েছে। অগ্রাধিকার তালিকা অনুমোদন সাপেক্ষে ২য় কিস্তির বরাদ্দের কাজ আরম্ভ করা হবে।<br>তিনি আরো জানান যে, ২০২১-২০২২ অর্থবছরে শীত মৌসুমে গরীব, | (৪.ক) বিস্তারিত আলোচনার পর ২০২১-২০২২ অর্থবছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার আওতায় টি.আর, কাবিখা, কাবিটা এবং অতি দরিদ্রের জন্য ৪০দিনের কর্মসূচি (ইজিপিপি) এর নির্বাচনী ও উপজেলা পরিষদ এর অনুকূলে ১ম কিস্তির প্রাপ্ত বরাদ্দের অনুকূলে অনুমোদিত অগ্রাধিকার প্রকল্প সমূহের বাস্তবায়ন কাজ দ্রুত সম্পন্ন করার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, শাহরাস্তিকে অনুরোধ করা হয়।<br>(৪.খ) ২০২১-২০২২ অর্থবছরে চলমান শীত মৌসুমে গরীব, অসহায় দুঃস্থ ও হতদরিদ্রের মাঝে বিতরণের শীত মৌসুমে কম্বল/শীতবস্ত্র সোয়েটার বিতরণের মাষ্টাররোল আগামী ০১ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা শাহরাস্তি।<br>উপজেলা |

<table>
<tr>
<td></td>
<td>অসহায় দুঃস্থ ও হতদরিদ্রের মাঝে বিতরণের নিমিত্ত মাননীয় প্রধানমন্ত্রীর ত্রাণ ভান্ডার ও দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর হতে জেলা প্রশাসক, চাঁদপুর মহোদয়ের মাধ্যমে অত্র উপজেলার অনুকূলে কম্বল/শীতবস্ত্র সোয়েটার বরাদ্দ অনুযায়ী প্রতিটি ইউনিয়নে সুষ্ঠুভাবে বিতরণ করা হয়েছে। কম্বল/শীতবস্ত্র সোয়েটার বিতরণের মাষ্টাররোল অদ্যাবধি পাওয়া যায়নি।</td>
<td>সপ্তাহের মধ্যে সংগ্রহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, শাহরাস্তিকে অনুরোধ করা হয়। নির্দিষ্ট সময়ের মধ্যে মাষ্টাররোল প্রেরণ না করা হলে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের সচিবগণকে কারণ দর্শানো পত্র প্রেরনের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা শাহরাস্তি।</td>
</tr>
<tr>
<td>৫.</td>
<td><u>উপজেলা প্রাণি সম্পদ বিভাগঃ</u><br>উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, শাহরাস্তি সভায় বলেন যে, প্রাণি সম্পদ বিভাগের আওতায় আগামী ২২ জানুয়ারি ২০২২খ্রি: তারিখ হতে ২৯ জানুয়ারি ২০২২খ্রি: তারিখ পর্যন্ত প্রাণি সম্পদ প্রদর্শনী আয়োজন করা হবে। উক্ত প্রদর্শনী সুষ্ঠু সম্পন্ন করার লক্ষ্যে প্রস্তুতিমূলক সভা আয়োজন করা হবে। তাছাড়া বিভাগীয় সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।</td>
<td>(ক) বিস্তারিত আলোচনার পর প্রাণিসম্পদ প্রদর্শনী ২০২২ সুষ্ঠু ও সফলভাবে আয়োজন এর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, শাহরাস্তিকে অনুরোধ করা হয়।</td>
<td>উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, শাহরাস্তি</td>
</tr>
<tr>
<td>৬.</td>
<td><u>উপজেলা কৃষি বিভাগঃ</u><br>উপজেলা কৃষি কর্মকর্তা, শাহরাস্তি সভায় বলেন যে, অত্র উপজেলায় সার, বীজ মনিটরিং কার্যক্রমের আওতায় উপজেলা নির্বাহী অফিসার, শাহরাস্তি এর নেতৃত্বে স্থানীয় ঠাকুরবাজারে মোবাইল কোর্ট পরিচালনা করা হয়। ঠাকুরবাজারে একটি দোকানে সার ও বীজ বিক্রয় লাইসেন্স ও অন্যান্য কাগজপত্রাদি এবং মূল্য তালিকা না থাকায় মোবাইল কোর্টের আওতায় শাস্তি হিসেবে আর্থিক জরিমানা করা হয়েছে। এ জন্য উপজেলা প্রশাসন শাহরাস্তিকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করা হয় এবং এ কার্যক্রম চলমান রাখার বিষয়ে সভায় আলোচনা করা হয়।</td>
<td>(ক) বিস্তারিত আলোচনার পর শাহরাস্তি উপজেলায় সার ও বীজ বিক্রয় কেন্দ্রে সার্বিক তদারকি এবং প্রান্তিক পর্যায়ে কৃষকদের চাহিদার ভিত্তিতে কৃষি পরামর্শ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা কৃষি কর্মকর্তা, শাহরাস্তিকে অনুরোধ করা হয়।</td>
<td>উপজেলা কৃষি কর্মকর্তা, শাহরাস্তি</td>
</tr>
<tr>
<td>৭.</td>
<td>শাহরাস্তি উপজেলাধীন নিম্নোক্ত তালিকাভূক্ত ব্যক্তিগণ উপজেলা পরিষদ চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার, শাহরাস্তি মহোদয়ের নিকট করোনা ভাইরাস দুর্যোগে চিকিৎসা ও শিক্ষা সংক্রান্ত আর্থিক অনুদান পাওয়ার জন্য আবেদন করেন। আবেদনসমূহ নিম্নরূপঃ
<table>
<tr><th>ক্র: নং</th><th>নাম ও পিতা/স্বামীর নাম ও ঠিকানা</th></tr>
<tr><td>১.</td><td>শাখাওয়াত হোসেন, পিতা- মৃত: আবুল হাশেম, মাতা- লিলি বেগম, গ্রাম- চেড়িয়ারা, সূচীপাড়া উত্তর ইউপি, শাহরাস্তি।</td></tr>
<tr><td>২.</td><td>খোদেজা বেগম, স্বামী- রফিকুল ইসলাম, গ্রাম- উপলতা, ডাক- মেহের, ওয়ার্ড নং-০৫, শাহরাস্তি পৌরসভা, শাহরাস্তি, চাঁদপুর</td></tr>
<tr><td>৩.</td><td>শাহানারা আক্তার, স্বামী- মো: ফারুক হোসেন, সাং- লাকামতা, ডাক- সূচীপাড়া, সূচীপাড়া উত্তর ইউপি, শাহরাস্তি, চাঁদপুর</td></tr>
<tr><td>৪.</td><td>মো: আব্দুল রব, পিতা- মৃত: আব্দুল বারেক, মাতা- আস্রাফিয়া নেছা, সাং- আহম্মদনগর, রায়শ্রী দক্ষিণ ইউপি, শাহরাস্তি।</td></tr>
<tr><td>৫.</td><td>সুলতান আহম্মদ, পিতা- আবদুল মতিন, মাতা- ফিরোজা খাতুন, গ্রাম- দেবকরা, মেহের দক্ষিণ ইউপি, শাহরাস্তি।</td></tr>
<tr><td>৬.</td><td>হাছিনা আক্তার, স্বামী- মৃত: আনিছুর রহমান (নয়ন), সাং- নাওড়া, ওয়ার্ড নং-০৪ শাহরাস্তি পৌরসভা, শাহরাস্তি, চাঁদপুর।</td></tr>
<tr><td>৭.</td><td>সাফিয়া বেগম, স্বামী- নুরুজ্জামান, সাং- সাহাপুর, শাহরাস্তি পৌরসভা</td></tr>
<tr><td>৮.</td><td>রাশেদা বেগম, স্বামী- জয়নাল আবেদীন গ্রাম- দহশ্রী, ডাক- পাক ফতেপুর, রায়শ্রী উত্তর ইউপি, শাহরাস্তি, চাঁদপুর।</td></tr>
<tr><td>৯.</td><td>খাদিজা আক্তার, পিতা- বাচ্চু মিয়া, সাং- রায়শ্রী, ডাক- উনকিলা, রায়শ্রী উত্তর ইউপি শাহরাস্তি, চাঁদপুর।</td></tr>
<tr><td>১০.</td><td>সাদিয়া আক্তার লিমা, পিতা- মো: সেলিম হোসেন, সাং- কাজিরকাপ, ওয়ার্ড নং-০৬, শাহরাস্তি পৌরসভা, শাহরাস্তি।</td></tr>
</table></td>
<td>বিস্তারিত আলোচনার পর করোনা ভাইরাসে সৃষ্ট পরিস্থিতিতে সংকট মোকাবেলায় উপজেলা পরিষদের হতে আর্থিক সাহায্য প্রদানের নিমিত্ত উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এ ০৩ অনুচ্ছেদ 'ঘ' মোতাবেক অপ্রত্যাশিত খাত হতে বন্যা, ঘূর্নিঝড় ও প্রাকৃতিক দুর্যোগ পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত খাত হতে ব্যয়কৃত অর্থ উত্তোলন করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। সে প্রেক্ষিতে নিম্নোক্তভাবে সংশ্লিষ্ট উপকার ভোগীর অনুকূলে নির্ধারিত অর্থ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।
<table>
<tr><th>ক্র: নং</th><th>নাম ও পিতা/স্বামীর নাম ও ঠিকানা</th><th>অনুদানের টাকার পরিমাণ</th></tr>
<tr><td>১.</td><td>শাখাওয়াত হোসেন</td><td>১৫,০০০/- (পনের হাজার)</td></tr>
<tr><td>২.</td><td>খোদেজা বেগম</td><td>৫,০০০/-(পাঁচ হাজার)</td></tr>
<tr><td>৩.</td><td>শাহানারা আক্তার</td><td>১০,০০০/-(দশ হাজার)</td></tr>
<tr><td>৪.</td><td>মো: আব্দুল রব</td><td>৫,০০০/-(পাঁচ হাজার)</td></tr>
<tr><td>৫.</td><td>সুলতান আহম্মদ</td><td>৫,০০০/-(পাঁচ হাজার)</td></tr>
<tr><td>৬.</td><td>হাছিনা আক্তার</td><td>৫,০০০/-(পাঁচ হাজার)</td></tr>
<tr><td>৭.</td><td>সাফিয়া বেগম</td><td>১০,০০০/-(দশ হাজার)</td></tr>
<tr><td>৮.</td><td>রাশেদা বেগম</td><td>৫,০০০/-(পাঁচ হাজার)</td></tr>
<tr><td>৯.</td><td>খাদিজা আক্তার</td><td>৫,০০০/- (পাঁচ হাজার)</td></tr>
<tr><td>১০.</td><td>সাদিয়া আক্তার লিমা</td><td>৫,০০০/-(পাঁচ হাজার)</td></tr>
</table></td>
<td>চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, শাহরাস্তি।<br><br>চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, শাহরাস্তি।</td>
</tr>
<tr>
<td>৮.</td>
<td><u>উপজেলা শিক্ষা বিভাগঃ</u><br>উপজেলা শিক্ষা অফিসার, শাহরাস্তি সভায় বলেন যে, ২০২২ শিক্ষাবর্ষের অত্র উপজেলায় সরকারি নির্দেশনা মোতাবেক বই উৎসব ছাড়াই স্বাস্থ্য বিধি অনুসরণ করে সকল শিক্ষার্থীকে ০১ জানুয়ারি ২০২২ তারিখে নতুন বই প্রদান করা হয়েছে। তাছাড়া উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগের আওতায়ধীন সকল প্রাথমিক বিদ্যালয়ের প্রায় ৬৭৭ জন শিক্ষককে কোভিড টিকা প্রদান করা হয়েছে। এ বিষয়ে সভায় আলোচনা করা হয়।</td>
<td>বিস্তারিত আলোচনার পর অত্র উপজেলার সকল প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের কোভিড-১৯ টিকার ০২ ডোজ এবং বুষ্টার ডোজ টিকা সঠিক নিয়মে ও সময়ের মধ্যে সম্পন্ন করার নির্দেশনা ও সার্বিক সহযোগিতা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য জন্য উপজেলা শিক্ষা অফিসার, শাহরাস্তিকে অনুরোধ করা হয়।</td>
<td>উপজেলা শিক্ষা অফিসার শাহরাস্তি।</td>
</tr>
<tr>
<td>৯.</td>
<td><u>উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগঃ</u><br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শাহরাস্তি সভায় উপস্থিত না থাকায় উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগের কার্যক্রম সম্পর্কে আলোচনা করা যায়নি। এ বিষয়ে সভায় আলোচনা করা হয়।<br><br>উপজেলা নির্বাহী অফিসার, শাহরাস্তি সভায় জানান যে, উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ (১৯৯৮ সনের ২৪নং আইন) এর ধারা ৬৩তে প্রদত্ত</td>
<td>(৮.ক) সভায় বিস্তারিত আলোচনার উপজেলা পরিষদ মাসিক সাধারণ সভায় উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শাহরাস্তি উপস্থিত না থাকায় সভায় অসন্তোষ প্রকাশ করা হয়।<br><br>(৮.খ) বিস্তারিত আলোচনার পর সভায় উপস্থাপিত উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ (১৯৯৮ সনের ২৪নং আইন) এর ধারা</td>
<td>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার শাহরাস্তি।</td>
</tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| | অনুমোদনের জন্য পেশ করবেন। কিন্তু [illegible] হস্তান্তরিত কিছু কিছু দপ্তর/বিভাগের কর্মকর্তাগণ উপজেলা পরিষদ সরকারি বিধিমালা অনুসরণ করছেননা; যা আইনের ও সরকারি বিধিমালার বহির্ভূত। এ বিষয়ে সভায় আলোচনা করা হয়। | | |
| ১০. | উপজেলা সমাজসেবা বিভাগঃ<br>উপজেলা সমাজসেবা কর্মকর্তা, শাহরাস্তি সভায় বলেন যে, শাহরাস্তি উপজেলায় ২০২১-২০২২ অর্থবছরে উপজেলা সমাজসেবা বিভাগের আওতায় সকল ভাতার কার্যক্রম শতভাগ অনলাইনে করা হচ্ছে। আগামী ১৬, ১৭ ও ১৮ জানুয়ারি ২০২২খ্রি: তারিখ এবং ২৩, ২৪ ও ২৫ জানুয়ারি ২০২২ তারিখ প্রতিবন্ধীদের থেরাপি প্রদান করা হবে।<br>তিনি আরো জানান যে, অত্র উপজেলায় অসচ্ছল বীর মুক্তিযোদ্ধাদের জন্য আবাসন নির্মাণ প্রকল্পের আওতায় ২য় পর্যায়ে উপকারভোগী নির্বাচন করে উর্দ্ধতন কর্তৃপক্ষের নিকট প্রেরনের জন্য নির্দেশনা পাওয়া গেছে। উপকারভোগী নির্বাচনের জন্য ইতিমধ্যে অগ্রাধিকার তালিকা প্রস্তুত করে সরেজমিনে তদন্ত করার জন্য বিভিন্ন ইউনিয়ন ট্যাগ অফিসারদের নিকট প্রেরণ করা হয়েছে। দ্রুত তদন্ত প্রতিবেদন জমা দেয়ার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | (৯.ক) অত্র উপজেলায় বীর মুক্তিযোদ্ধাগণের ভাতা প্রদান ও আবাসন নির্মাণ কার্যক্রম, বিধবা, বয়স্ক, শিক্ষা ভাতা, প্রতিবন্ধী ইত্যাদি সকল ভাতাদি কার্যক্রম অনলাইনে নগদ একাউন্টের মাধ্যমে বিতরণ কাজ এবং ঋণ বিতরণ ও ঋণের অর্থ আদায় চলমান রাখাসহ অন্যান্য বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তা, শাহরাস্তি কে অনুরোধ করা হয়।<br>(৯. খ) বিস্তারিত আলোচনার পর অসচ্ছল বীর মুক্তিযোদ্ধাদের অগ্রাধিকার তালিকা অনুযায়ী সরেজমিনে তদন্ত করে অতিদ্রুত প্রতিবেদনসহ চূড়ান্ত তালিকা প্রস্তুতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তা, শাহরাস্তি কে অনুরোধ করা হয়। | উপজেলা সমাজসেবা অফিসার, শাহরাস্তি, চাঁদপুর।<br>উপজেলা সমাজসেবা অফিসার, শাহরাস্তি, চাঁদপুর। |

অদ্যকার সভায় গৃহীত সকল সিদ্ধান্ত যথাযথ বাস্তবায়নের ব্যাপারে সকলকে পরামর্শ প্রদান করেন। অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সকল বিভাগের কাজ সমন্বয় করে আন্তরিকতার সাথে সম্পন্ন করার জন্য উপস্থিত সকলকে পরামর্শ প্রদান করেন। সভাপতি কর্তৃক সভায় গৃহীত সকল সিদ্ধান্ত বাস্তবায়নের আশাবাদ ব্যক্ত করে ও উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৬/০২/২২

নাসরিন জাহান চৌধুরী
চেয়ারম্যান
উপজেলা পরিষদ,শাহরাস্তি
ও
২৬/০২/২২ সভাপতি
উপজেলা মাসিক সাধারণ সমন্বয় কমিটি
শাহরাস্তি, চাঁদপুর।

স্মারক নং- ০০.৪২.০৫৩১.০০০.২১.০০১.২১.২৫ (৪০)

তারিখঃ ১৩.০১.২০২২

অনুলিপি সদয় অবগতি/কার্যার্থে প্রেরণ করা হ'ল : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. মাননীয় জাতীয় সংসদ সদস্য, ২৬৪ নির্বাচনী এলাকা, বাংলাদেশ জাতীয় সংসদ, চাঁদপুর-৫।
২. সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৪. পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, চট্টগ্রাম।
৫. জেলা প্রশাসক, চাঁদপুর।
৬. উপ-পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, চাঁদপুর।

অনুলিপি অবগতি ও কার্যার্থেঃ

১. মেয়র, শাহরাস্তি পৌরসভা, শাহরাস্তি, চাঁদপুর।
২. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শাহরাস্তি, চাঁদপুর।
৩. উপজেলা.........................................................
৪. কর্মকর্তা (সংশ্লিষ্ট সকল), শাহরাস্তি, চাঁদপুর।
৫. চেয়ারম্যান,....................................................... ইউনিয়ন, শাহরাস্তি, চাঁদপুর।
৬. জনাব..............................................................
৭. অফিস কপি।

২৬/০২/২২

শিরীন আক্তার
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
২৬/০২/২২ শাহরাস্তি, চাঁদপুর।

শাহরাস্তি উপজেলা পরিষদ মাসিক সাধারণ সভা ও জানুয়ারি-২০২২খ্রি: সভায় উপস্থিতি স্বাক্ষর ও মোবাইল নং

তারিখ: ১৩/০১/২০২২খ্রি; সময়- ১১:০০, উপজেলা পরিষদ মিলনায়তন, শাহরাস্তি।

ক্র: নং | নাম, পদবী ও ঠিকানা | মোবাইল নং | স্বাক্ষর

| ক্র: নং | নাম, পদবী ও ঠিকানা | মোবাইল নং | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১. | নাসরীন [illegible] চৌধুরী | 01711549344 | [signature] |
| ২. | | | |
| ৩. | [illegible] আহমেদ ইকবাল<br>[illegible]<br>উপজেলা পরিষদ, শাহরাস্তি। | | [signature] 13.01.2022 |
| ৪. | [illegible]<br>মহিলা ভাইস চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ | 01732-749841 | [signature] 13-1-22 |
| ৫. | মো: [illegible]<br>উপজেলা কৃষি অফিসার | 01734082648 | [signature] 13.01.2022 |
| ৬. | মো: শাহজাহান<br>সহকারী প্রোগ্রামার | 01629-946471 | [signature] 13.01.2022 |
| ৭. | ডাঃ মোঃ মাহফুজ আলম<br>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা<br>শাহরাস্তি, চাঁদপুর | 01777-752520 | [signature] |
| ৮. | মোঃ লুৎফুর রহমান ভূঁইয়া<br>উপজেলা শিক্ষা অফিসার,<br>শাহরাস্তি, চাঁদপুর | ০১৭৩২৫০০৬৯০ | [signature] |
| ৯. | তুলসী দেবনাথ<br>উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা (ভা:প্রা:) | 01747965407 | [signature] |
| ১০. | ঝিউলী বেগম স্বাস্থ্য [illegible]<br>[illegible] | 01938879424 | [signature] |